GOVERNMENT OF WEST BENGAL
OFFICE OF THE ADDITIONAL DISTRICT MAGISTRATE
BANKURA ZILLA PARISHAD

Ph. No. Office: 03242-255450 E-mail: aeozp-bnk@nic.in, aeozp.bnk@gmail.com

বিজ্ঞপ্তি

সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাঁকুড়া জেলা পরিষদের মালিকানাধীন বিভিন্ন পঞ্চায়েত সমিতিতে অবস্থিত নিম্নবর্ণিত সাহেববাধ গুলি ২০২০-২১ বর্ষ থেকে আগামী ৫ (পাঁচ) বৎসরের জন্য মাছ চাষের জন্য লীজ বন্দোবস্ত দেওয়া হবে। বন্দোবস্তের ক্ষেত্রে প্রমান পত্রের ভিত্তিতে স্বনির্ভর দল, মৎস্যজীবি সমবায় সমিতি গুলিকে অগ্রাধিকার দেওয়া হবে, যদি ডাকটি সমান সমান হয়ে যায়। জেলা পরিষদ কর্তৃক নির্ধারিত মূল্য ডাকের নূন্যতম মূল্য হিসাবে ধরা হবে। নিলাম ডাকে অংশগ্রহন কারী নূন্যতম শতকরা ১০ ভাগ টাকা অগ্রিম জামিন জমা দিয়ে ডাকে অংশগ্রহন করতে পারবেন। ডাকের প্রথম ও দ্বিতীয় স্থানাধিকারী ব্যক্তির জামিন জমার টাকা জমা থাকবে। কর্তৃপক্ষের অনুমোদনের পর প্রথম সর্বোচ্চ ডাক কারীকে ১৫(পনের) দিনের মধ্যে বাকী টাকা (জামিন টাকা বাদে) জেলা পরিষদ তহবিলে জমা দিয়ে বাঁধের ইজারা বন্দোবস্তের জন্য প্রয়োজনীয় কবুলতি পত্র সম্পাদন করতে হবে। অন্যথা দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে উক্ত সুযোগ দেওয়া হবে। এক্ষেত্রে প্রথম ডাককারীকে জামিন জমার টাকা সম্পূর্ন বাজেয়াপ্ত করা হবে। দ্বিতীয় ডাককারী ও যদি ডাকের সুযোগ গ্রহন না করেন তাহলে তারও জামিন টাকা বাজেয়াপ্ত করা হবে।প্রথম ডাককারী যাহা ডাক দেবেন পরবর্ত্তী ডাকদাতা প্রতিটি পদক্ষেপ বাড়তি মুল্যের কমপক্ষে ১০০০.০০ টাকার বেশী দর দিতে হবে।

উল্লেখ থাকে যে, জেলা পরিষদ কর্তৃক সর্বোচ্চ ডাকের অনুমোদন না পাওয়া পর্যন্ত কেউ কোনো ক্রমেই সাহেব বাঁধটির দখল নিতে পারবেন না। অনুমোদন পাওয়ার ১৫ (পনেরো) দিনের মধ্যে ইজারাদারকে নির্দিষ্ট পদ্ধতিতে জেলা পরিষদের অনুকুলে নির্ধারিত ফর্মে কবুলতি পত্র সম্পাদন ও রেজিষ্ট্রেশন করতে হবে। প্রকাশ থাকে যে জেলা পরিষদ সর্বোচ্চ অথবা যে কোনো ডাক গ্রহন করতে বাধ্য থাকবেন না। বাঁধের পাড়ে গাছ ও পাড়ের কোনো রূপ ক্ষয়-ক্ষতিসাধন যাতে না হয় সে জন্য ইজারাদারকে পূর্ন দায়িত্ব বহন করতে হবে। এবং অনুরূপ ঘটনা ঘটলে তার ক্ষতি পূরন দিতে ইজারাদার বাধ্য থাকবেন। প্রতি বৎসর ৩১ শে মার্চ মাসের মধ্যে নির্ধারিত খাজনা অগ্রিম জেলা পরিষদ তহবিলে জমা দিতে হবে। নির্দিষ্ট তারিখের মধ্যে কিস্তি খেলাপ হইলে এই চুক্তি ও বাতিল বলিয়া গন্য হইবে। এবং বাঁকুড়া জেলা পরিষদ ঐ বাঁধ অপর লোককে লীজ বন্দোবস্ত করিতে পারিবেন। বাঁধ গুলি নিলাম ডাক জেলা পরিষদ মিটিং হলে হবে। উক্ত বাঁধে যতদিন না পর্যন্ত সভাধিপতি মহোদয়ার অনুমোদন বা কবুলতি পত্র সম্পাদন হচ্ছে তত দিন পর্যন্ত বাঁধের দখল বা সত্ত্ব এক তরফাভাবে জেলা পরিষদের অনুকুলেই থাকবে। পরিচয় পত্র হিসাবে ডাক দাতাকে ভোটার কার্ড/আধার কার্ড সঙ্গে আনতে হবে।

এর সাথে বাঁধের তালিকা সংযোজিত হল।

অতিরিক্ত নির্বাহী আধিকারিক
বাঁকুড়া জেলা পরিষদ

স্মারক সংখ্যাঃ- ১২১০/(১২০)/জি:প/2020 তারিখঃ- 07/08/2020

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল।

১. সভাধিপতি, বাঁকুড়া জেলা পরিষদ।
২. জেলা শাসক, বাঁকুড়া ও নির্বাহী আধিকারিক, বাঁকুড়া জেলা পরিষদ।

৪. মেন্টর, বাঁকুড়া জেলা পরিষদ।
৫. অধ্যক্ষ জেলা কাউন্সিল ও কো-মেন্টর, বাঁকুড়া জেলা পরিষদ।
৬. সকল কর্মাধ্যক্ষ, বাঁকুড়া জেলা পরিষদ।
৭. সচিব, বাঁকুড়া জেলা পরিষদ।
৮. অর্থ নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারিক, বাঁকুড়া জেলা পরিষদ।
৯. জেলা বাস্তুকার, বাঁকুড়া জেলা পরিষদ ।
১০. সকল সদস্য/সদস্যা, বাঁকুড়া জেলা পরিষদ।
১১. সভাপতি.. পঞ্চায়েত সমিতি মহাশয়কে অনুরোধ করা হোল বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার ও নিলাম ডাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হোল ।
১২. সমষ্টি উন্নয়ন আধিকারিক .... ডেভ ব্লক ।
১৩. ডি. আই. ও., এন.আই.সি বাঁকুড়া মহাশয়কে অনুরোধ করা হোল বিষয়টি জেলা ওয়েব সাইটে প্রকাশ করার জন্য।
১৪. প্রধান.. গ্রাম পঞ্চায়েত, মহাশয়কে অনুরোধ করা হোল বিজ্ঞপ্তিটি ঢোল সহরৎ দ্বারা ব্যাপক প্রচার ও নিলাম ডাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হোল ।
১৫. সহ বাস্তুকার, বাঁকুড়া জেলা পরিষদ সমস্ত ।
১৬. অবর সহ বাস্তুকার, বাঁকুড়া জেলা পরিষদ সমস্ত ।
১৭. মীনাধিকারিক, বাঁকুড়া মীন ভবন, বাঁকুড়া ।
১৮. সংশ্লিষ্ট মৎস্য সম্প্রসারন আধিকারিক, সকল পঞ্চায়েত সমিতি নিলাম ডাকে হাজির থাকতে অনুরোধ করা হোল ।
১৯. পূর্বের ইজারাদার শ্রী.......................................গ্রাম...................................পোষ্ট........................... জেলা - বাঁকুড়া ।

অতিরিক্ত নির্বাহী আধিকারিক
বাঁকুড়া জেলা পরিষদ

(সংশোধনী) নিলাম ডাকের তালিকা

ক্রমিক সংখ্যা	বাঁধের নাম	গ্রাম পঞ্চায়েতের নাম	পঞ্চায়েত সমিতির নাম	জেলা পরিষদের বাৎসরিক ডাকের মূল্য	নিলাম ডাকের ১০% (অগ্রিম জমা)	ডাকের স্থান	তারিখ ও সময়
১	হুরাসুন্দা সাহেব বাঁধ	কেঞ্জাকুড়া	বাঁকুড়া -১	২২,৬১৪.০০	২২৬০/-	জেলা পরিষদের সভাকক্ষ, বাঁকুড়া	২৪-০৮-২০২০, সকাল ১০.০০ টা
২	লালবাজার সাহেব বাঁধ	বড়জোড়া	বড়জোড়া	২৯,৭২৩.০০	২৯৭৫/-	ঐ	২৪-০৮-২০২০, সকাল ১০.০০ টা
৩	লাগার সাহেব বাঁধ		মেজিয়া	৩২,৭৪৭.০০	৩২৭৫/-	ঐ	২৪-০৮-২০২০, দুপুর ১২.০০ টা
৪	কাঁদাবাদ জুগীবাদ সাহেব বাঁধ	রঘুনাথপুর	ইন্দপুর	২৯,৭২৩.০০	২৯৭৫/-	ঐ	২৪-০৮-২০২০, দুপুর ১২.০০ টা
৫	নৈতানা সাহেব বাঁধ	হাটগ্রাম	ইন্দপুর	২০,০৪৭.০০	২০০৫/-	ঐ	২৪-০৮-২০২০, দুপুর ১২.০০ টা
৬	মশিয়াড়া সাহেব বাঁধ	মশিয়াড়া	খাতড়া	৩৪,২৬১.০০	৩৪২৫/-	ঐ	২৫-০৮-২০২০,সকাল ১০.০০ টা
৭	শ্যামপুর জোড় বাঁধ	খাতড়া-১	খাতড়া	২৫,৮৪৫.০০	২৫৮৫/-	ঐ	২৫-০৮-২০২০,সকাল ১০.০০ টা
৮	জামডহরা সাহেব বাঁধ	হীড়বাঁধ	হীড়বাঁধ	৩৮,৭৬৯.০০	৩৮৭৫/-	ঐ	২৫-০৮-২০২০,সকাল ১০.০০ টা
৯	তুংচাড়র সাহেব বাঁধ	হলুদ কানালী	রানীবাঁধ	৩৩,৯৯৪.০০	৩৪০০/-	ঐ	২৫-০৮-২০২০, দুপুর ১২.০০ টা
১০	খড়বনা সাহেব বাঁধ	ঢেকিয়া	শালতোড়া	৩১,৭৬০.০০	৩১৮০/-	ঐ	২৫-০৮-২০২০, দুপুর ১২.০০ টা

অতিরিক্ত নির্বাহী আধিকারিক
বাঁকুড়া জেলা পরিষদ